



Embassy of  
The People's Republic of Bangladesh  
Berlin, Germany

বনে বাংলাদেশ দূতাবাসের কনস্যুলার সেবা:  
(২৩ নভেম্বর - ২৫ নভেম্বর ২০১৮)


সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জার্মানীর বন ও এর আশেপাশে বসবাসরত বাংলাদেশীদের মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর আবেদনপত্র ও বায়োমেট্রিক তথ্য (ছবি, স্বাক্ষর ও আঙ্গুলের ছাপ) গ্রহন, হাতেলেখা পাসপোর্ট নবায়ন, নো-ভিসা রিকয়ার্ড প্রদান এবং অন্যান্য কনস্যুলার সেবা প্রদানের জন্য বাংলাদেশ দূতাবাসের একটি মোবাইল কনস্যুলার টিম নিম্নবর্ণিত স্থান ও সময়ে উপস্থিত থাকবেঃ

স্থান:	Centro Hotel Bristol Bonn Prinz-Albert-Strasse 2, D-53113 Bonn, Germany
তারিখ ও সময়:	২৩ নভেম্বর ২০১৮ (শুক্রবার) - সকাল ০৯:৩০ টা হতে বিকাল ৩:০০ টা ২৪ নভেম্বর ২০১৮ (শনিবার) - সকাল ০৯:৩০ টা হতে বিকাল ৩:০০ টা ২৫ নভেম্বর ২০১৮ (রবিবার) - সকাল ০৯:৩০ টা হতে বিকাল ৩:০০ টা

মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর বায়োমেট্রিক তথ্য (ছবি, স্বাক্ষর ও আঙ্গুলের ছাপ) প্রদানের জন্য দুইসেট পুরনকৃত আবেদন ফরম, দুই কপি ছবি, অরিজিনাল পাসপোর্ট ও তার ফটোকপি, ডিজিটাল জন্ম সনদ/জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ছাত্র হলে ছাত্র আই ডি, প্রমাণ পত্র ও তার ফটোকপি এবং প্রয়োজনীয় ফি (সাধারণ ১১০ ইউরো, ছাত্র ৩৫ ইউরো) সহ উপস্থিত থাকতে অনুরোধ করা যাচ্ছে।

পুরাতন হাতে লেখা পাসপোর্ট নবায়ন, নো-ভিসা রিকয়ার্ড সিল গ্রহন, বাংলাদেশী সনদ/ডকুমেন্ট সত্যায়ন এবং অন্যান্য কনস্যুলার সেবা গ্রহনের জন্য প্রয়োজনীয় নগদ ফি এবং সংশ্লিষ্ট আবেদন পত্র, ২-৪ কপি ছবি, অরিজিনাল পাসপোর্ট ও তার ফটোকপি, নো-ভিসা রিকয়ার্ড আবেদনের সাথে পুরাতন পাসপোর্টের প্রথম ও ভিসা পৃষ্ঠার ফটোকপি এবং প্রয়োজনীয় ডকুমেন্ট সহ উপস্থিত থাকতে অনুরোধ করা যাচ্ছে।



  
22.10.2018  
কাজী তুহিন রসুল  
প্রথম সচিব ও কনস্যুলার অফিসার